# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৫৭]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ২৬: যে পাঁচ রাকআত সালাত আদায় করল সে কি করবে?

باب ما يفعل من صلى خمسا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ آدَمَ، قَالَ: حَدَّثَنَا مُفَضَّلُ بْنُ مُهَلْهَلٍ، عَنِ الْحَسَنِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْإِبْرَاهِيمَ بْنِ سُوَيْدٍ، قَالَ: صَلَّى عَلْقَمَةُ خَمْسًا، فَقِيلَ لَهُ، فَقَالَ: مَا فَعَلْتُ، قُلْتُ بِرَأْسِي: بَلَى، قَالَ: وَأَنْتَ يَا أَعْوَرُ، فَقُلْتُ: نَعَمْ، فَسَجَدَ سَجْدَتَيْنِ، ثُمَّ حَدَّثَنَا، عَنْ عَبْدِ اللَّهِ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّهُ صَلَّى خَمْسًا فَوَشْوَشَ الْقَوْمُ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ، فَقَالُوا لَهُ: أَزِيدَ فِي الصَّلَاةِ، قَالَ: لَا فَأَخْبَرُوهُ فَثَنَى رِجْلَهُ فَسَجَدَ سَجْدَتَيْنِ، ثُمَّ قَالَ: إِنَّمَا أَنَا بَشَرٌ أَنْسَى كَمَا تَنْسَوْنَ .

تخریج دارالدعوہ: صحیح مسلم/المساجد ١٩ (٥٧٢)، سنن ابی داود/الصلاة ١٩٦ (١٠٢٢) مختصراً، مسند احمد ١/٤٣٨، ٤٤٨، (تحفة الأشراف: ٩٤٠٩)، ویأتي ہذا الحدیث عند المؤلف برقم: ١٢٥٩ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1257 - صحيح

বাংলা

১২৫৬. মুহাম্মাদ ইবনু রাফি (রহ.) ..... ইবরাহীম ইবনু সুওয়াইদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, ’আলকামাহ্ (রহ.) একদিন পাঁচ রাকআত সালাত আদায় করে ফেললেন। তখন তাকে বলা হলে তিনি বললেন, আমি (অনুরূপ) করিনি। [ইবরাহীম (রহ.) বলেন] আমি আমার মাথার দ্বারা ইঙ্গিত করলাম, নিশ্চয়! তিনি বললেন, হে অন্ধ! তুমিও (এরূপ) সাক্ষ্য দিচ্ছ? আমি বললাম, হ্যাঁ; তখন তিনি দু’টি সিজদা করলেন, এরপর আমাদের ’আবদুল্লাহ (রাঃ)-এর সূত্রে নবী (সা.) হতে হাদীস বর্ণনা করলেন। তিনি একদিন পাঁচ রাক’আত সালাত আদায় করলে লোকেরা পরস্পরে ফিসফিস করলো। অতঃপর তাকে বললো, সালাত কি বাড়িয়ে দেয়া হয়েছে? তিনি

বললেন, না। সাহাবীগণ তাঁকে বিষয়টি অবহিত করলে, তিনি পা ভাজ করে দু’টি সিজদা দিলেন আর বললেন, আমিও মানুষ। আমিও ভুলে যাই যেমন তোমরা ভুলে যাও।

## English

26. What A Person Should Do If He Prays Five (Rak'ahs)

It was narrated that Ibrahim bin Suwaid said: Alqamah prayed five (rak'ahs) and was told about that. He said: 'Did I really do that?' I nodded yes. He said: 'What about you, O odd-eyed one?' I said: 'Yes'. So he prostrated twice, then he narrated to us from 'Abdullah that the Prophet (ﷺ) prayed five (rak'ahs), and the people whispered to one another, then they said to him: 'Has something been added the prayer?' He said: 'No.' So they told him, and he turned around and prostrated twice, then he said: 'I am only human; I forget as you forget.'

ফুটনোট

সহীহঃ মসলিম ৫৭২, আবু দাউদ ১০২২, মুসনাদে আহমাদ ৪২৮২, সহীহ ইবনু খুযায়মাহ ১০৬৯, সহীহ আবু দাউদ ৯৩৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবরাহীম ইবনু সুওয়ায়দ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87650

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন